মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

অর্ধ বার্ষিক পরীক্ষা ২০১৮

নবম শ্রেণি

বিষয় : ফিন্যান্স ও ব্যাংকিং (বহুনির্বাচনি)

সেট গ

বিষয় কোড ১৫২

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিঃ দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক এবং সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। অর্থায়ন কী নিয়ে কাজ করে ?
ক. ব্যবস্থাপনা খ. হিসাববিজ্ঞান
গ. কর্মী ব্যবস্থাপনা ঘ. তহবিল ব্যবস্থাপনা

২। বাংলাদেশের বাণিজ্য ঘাটতি পূরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে কোনটি?
ক. আয়কর খ. রেমিটেন্স
গ. বৈদেশিক সাহায্য ঘ. বৈদেশিক ঋণ

৩। কোন খাতে বিনিয়োগের সুযোগ সবচেয়ে বেশি ?
ক. সাধারণ শেয়ার খ. বন্ড
গ. ডিবেঞ্চার ঘ. অগ্রাধিকার শেয়ার

৪। অনিশ্চয়তার যে অংশটুকু পরিমাপ করা যায় তাকে কী বলে?
ক. প্রত্যাশিত আয় খ. প্রকৃত আয়
গ. ঝুঁকি ঘ. বিচ্যুতি

৫। স্বল্পমেয়াদি অর্থায়নের অপ্রাতিষ্ঠানিক উৎস কোনটি ?
ক. বাণিজ্যিক পত্র খ. প্রাপ্য বিল বাট্টাকরণ
গ. প্রদেয় বিল ঘ. স্বল্পমেয়াদি ব্যাংক ঋণ

৬। ভবিষ্যতে নির্দিষ্ট পরিমাণ টাকা পাওয়ার জন্য নিচের কোন সূত্রটি প্রয়োগ করলে বর্তমানে ব্যাংকে সবচেয়ে কম টাকা জমা রাখতে হবে ?
ক. $FV = PV(1+i)^n$ খ. $FV=PV\left(1+\frac{i}{m}\right)^{nxm}$
গ. $PV = \frac{FV}{(1+i)^n}$ ঘ. $PV = \frac{FV}{\left(1+\frac{i}{m}\right)^{nxm}}$

৭। ব্যবসায়ে পণ্য বৈচিত্র্যয়ণ করলে-
ক. ব্যাংক ঋণ বেশি পাবে খ. পণ্যের মান উন্নত হবে
গ. ব্যবসায়ের সুনাম বাড়বে ঘ. বিক্রয় বৃদ্ধি ও ঝুঁকি হ্রাস পাবে

৮। বাণিজ্যিক ব্যাংকের তহবিলের বাহ্যিক উৎস কোনটি ?
ক. শেয়ার খ. অংশীদারদের মূলধন
গ. ডিবেঞ্চার ঘ. অবন্টিত মুনাফা

৯। বর্তমানে বাংলাদেশে কতটি বিশেষায়িত ব্যাংক কার্যকর আছে?
ক. ২টি খ. ৪টি
গ. ৬টি ঘ. ৮টি

১০। মিনা মটরস লিঃ এর ২০১৭ সালের মোট মুনাফা ৯,৭০,০০০ টাকা। কোম্পানির তহবিলের উৎস খরচ ৭০,০০০ টাকা এবং কর ২০,০০০ টাকা। উক্ত বছরে কোম্পানির নিট মুনাফা-
ক. ৮,৮০,০০০ টাকা খ. ৯,০০,০০০টাকা
গ. ৯,৭০,০০০টাকা ঘ. ৯,৯০,০০০ টাকা

নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :

আলম সাহেবের জন্য 'মুন ব্যাংক হতে ৫,০০,০০০ টাকা ঋণ মঞ্জুর হওয়ার পর ব্যাংক ব্যবস্থাপক তাকে অত্র ব্যাংক থেকে ৩টি চেকের মাধ্যমে অর্থ উত্তোলন করতে বলেন।

১১। ব্যাংক ব্যবস্থাপকের নির্দেশনার ফলে 'মুন' ব্যাংকের কোন কাজটি সম্পাদন হবে ?
ক. মূলধন গঠন খ. বিনিময়ের মাধ্যম সৃষ্টি
গ. ঋণ আমানত সৃষ্টি ঘ. অর্থের নিরাপত্তা প্রদান

১২। মুদ্রার প্রধান কাজ কী ?
ক. বিনিময়ের মাধ্যম সৃষ্টি করা
খ. সঞ্চয়ের ভান্ডার হিসাবে কাজ করা
গ. মূল্যের পরিমাপক হিসাবে কাজ করা
ঘ. সঞ্চয়ের প্রবণতা সৃষ্টি

১৩। বাণিজ্যিক ব্যাংকের আয়ের উৎস কোনটি ?
ক. বিমা প্রিমিয়াম খ.লকার ভাড়া
গ. শুল্ক ও কর ঘ. নিরীক্ষকের বিল

১৪। আদর্শ বিচ্যুতির ছোট মান কী নির্দেশ করে ?
ক. কম ঝুঁকি খ. বেশি ঝুঁকি
গ. অনিশ্চয়তা ঘ. ঝুঁকি মুক্ত

১৫। সুদের হার ১০% হলে ৫ বছর পরের ১০০০ টাকার বর্তমান মূল্য কত?
ক. ৬২৫ টাকা খ. ৬২০. ৯২ টাকা
গ. ৬২১.৯২ টাকা ঘ. ৬২২ টাকা

১৬। মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য একান্ত জরুরি -
i) ঋণের সংকোচন
ii) ঋণের সম্প্রসারণ
iii) ঋণ সরবরাহ নিয়ন্ত্রণ

নিচের কোনটি সঠিক ?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

১৭। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের বর্তমান সদস্য সংখ্যা কত ?
ক. ১৫৯ খ. ১৬৯
গ. ১৭৯ ঘ. ১৮৯

১৮। কোনটি দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্ত ?
ক. পণ্য ক্রয় খ. কাঁচামাল ক্রয়
গ. শেয়ার ক্রয় ঘ. জমি ক্রয়

১৯। কাগজি মুদ্রা প্রচলনের কারণ ছিল-

i) দ্রব্যের মান

ii) দ্রব্যের ওজন

iii) দ্রব্যের মজুদযোগ্যতা

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

২০। 'রুল ৭২' প্রয়োগ করে কী নির্ণয় করা যায়?

ক. আসল টাকা খ. মেয়াদ

গ. সুদের পরিমাণ ঘ. চক্র বৃদ্ধির সংখ্যা

২১। নগদ অর্থ ও মুনাফার মধ্যে সম্পর্ক কিরূপ ?

ক. উর্ধ্বমুখী খ. নিম্নমুখী

গ. বিপরীত মুখী ঘ. সমানুপাত

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :

ব্যবসায়ী নিজাম উদ্দীন তার নতুন প্রতিষ্ঠানের জন্য কিছু প্রয়োজনীয় যন্ত্রপাতি ৬ বছরের জন্য ভাড়া নিয়েছেন। অল্প দিনের মধ্যেই তিনি ব্যবসায়ী মহলে সুপরিচিতি লাভ করেন।

২২। নিজাম উদ্দীনের তহবিল সংগ্রহের ক্ষেত্রে কোন উৎসের সহায়তা নিয়েছেন ?

ক. ঋণপত্র খ. ক্রেতা হতে অগ্রিম গ্রহণ

গ. লিজিং ঘ. বাণিজ্যিক পত্র

২৩। নিজাম সাহেবের তহবিল সংগ্রহের ক্ষেত্রে নিচের কোন বিষয়টিকে গুরুত্ব দিয়েছেন ?

ক. দীর্ঘমেয়াদি ঋণ গ্রহণ খ. সঞ্চিতি তহবিল ব্যবহার

গ. অবন্টিত লভ্যাংশ ঋণ ঘ. বাধ্যতামূলক সুদ প্রদান

২৪। সরকারি শিশু পরিবার কী ধরণের প্রতিষ্ঠান?

ক. পারিবারিক খ. দাতব্য

গ. সামাজিক ঘ. মুনাফাভিত্তিক

২৫। বাণিজ্যিক ব্যাংকের প্রধান কার্যাবলি হচ্ছে-

i) অর্থস্থানান্তর

ii) বিনিময়ের মাধ্যম সৃষ্টি

iii) মূলধন গঠন

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

২৬। অর্থের সময় মূল্য গুরুত্বপূর্ণ, কারণ-

i) সুযোগ ব্যয়

ii) প্রকল্প মূল্যায়ন

iii) ঋণগ্রহণ সিদ্ধান্ত

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii খ. ii ও iii

গ. i ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :

আকবর সাহেবের একটি প্রকল্পের ৩ বছরের আয় যথাক্রমে ১০%, ৫% এবং ১৫%।

২৭। আকবর সাহেবের প্রকল্পের গড় আয় কত ?

ক. ৫% খ. ১০%

গ. ১৫% ঘ. ২০%

২৮। উক্ত প্রকল্পের আদর্শ বিচ্যুতি হল-

ক. ৫% খ. ৭%

গ. ১০% ঘ. ১২%

২৯। ব্যাংক ব্যবস্থার জননী কোনটি ?

ক. সরকার খ.আমানতকারী

গ. মুদ্রা ঘ. ব্যাংকার

৩০। বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য কোনটি ?

ক. কর্মসংস্থান খ. মূলধন গঠন

গ. জনকল্যাণ ঘ. মুনাফা অর্জন

সেট খ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বিষয় কোড ১৫২

অর্ধ বার্ষিক পরীক্ষা ২০১৮

নবম শ্রেণি

বিষয় : ফিন্যান্স ও ব্যাংকিং (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট | পূর্ণমান : ৭০

[বিশেষ দ্রষ্টব্য : প্রত্যেক বিভাগ থেকে কমপক্ষে ৩টি করে মোট যেকোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

'ক'-বিভাগ

১। গণপূর্ত মন্ত্রণালয়ের অর্থায়নে সম্প্রতি সুনামগঞ্জের যাতায়াত ব্যবস্থার উন্নতি হয়েছে। ঐ এলাকার ক্ষুদ্র ব্যবসায়ী জনাব শামীম এই সুযোগকে কাজে লাগানোর জন্য তার ধান বিক্রির পাশাপাশি চাল ও মাছ বিক্রির ব্যবসায় শুরু করেন। এজন্য তিনি তার আড়তের পরিধি বৃদ্ধি করেন। সম্প্রতি চালের চাহিদা বৃদ্ধি পাওয়ায় তিনি তার জমানো সব টাকা দিয়ে চাল ক্রয় করে গুদামে রাখেন। এতে গতমাসে তিনি সকল কর্মচারীর বেতন দিতে পারেননি। তার আশা চাল বিক্রি করে সামনের মাসে বেতন পরিশোধ করবেন। ইতিমধ্যে চালের ক্রেতা কমে যাওয়ায় বেতন প্রদানের বিষয়ে তিনি চিন্তায় পড়েন।

ক) চলতি বিনিয়োগ সিদ্ধান্ত কী ? ১

খ) সরকার কেন দেশের জন্য অনেক অর্থ ব্যয় করেন? ২

গ) কোন ধরনের অর্থায়নের ফলে জনাব শামীম ব্যবসায় সম্প্রসারণের সিদ্ধান্ত নিলেন ? ব্যাখ্যা কর। ৩

ঘ) অর্থায়নের নীতিমালার আলোকে জনাব শামীমের কার্যক্রমের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

২। জনাব ফয়সাল সম্প্রতি একটি বৃহদায়তন প্রতিষ্ঠানে কিছু অর্থ বিনিয়োগ করেছেন। তিনি বিনিয়োগকারী হিসেবে কোম্পানি নিয়ন্ত্রণে পূর্ণক্ষমতা পান। কিন্তু তিনি বিনিয়োগের উৎসটির ঝুঁকি নিয়ে বেশ চিন্তায় আছেন।

ক) লিজিং অর্থায়নের কোন ধরনের উৎস ? ১

খ) প্রাপ্য বিল বাট্টাকরণ বলতে কী বুঝায় ? ব্যাখ্যা কর। ২

গ) জনাব ফয়সাল কোন ধরনের উৎসে বিনিয়োগ করেছেন ? বর্ণনা কর। ৩

ঘ) জনাব ফয়সালের বিনিয়োগকৃত উৎসের যেসব সমস্যা রয়েছে উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। এস.এস.সি পাশ করার পর অর্থের অভাবে রতন আর লেখাপড়া করতে পারেনি। পরবর্তী সময়ে কোথাও চাকরি না পেয়ে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে মৎস্য চাষের উপর প্রশিক্ষণ নিয়ে মৎস্য চাষ শুরু করে। আর্থিক সমস্যা নিরসনে তিনি একটি সরকারি আর্থিক প্রতিষ্ঠান ও স্থানীয় বেসরকারি প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করেন ।

ক) অর্থায়নের উৎসকে মূলত কয় ভাগে ভাগ করা যায় ? ১

খ) ব্যবসায় সম্প্রসারণে সঞ্চিতি তহবিলের ভূমিকাটি ব্যাখ্যা কর। ২

গ) রতনকে সাহায্যকারী সরকারি আর্থিক প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান ? বর্ণনা কর। ৩

ঘ) রতনের মতো যুবসমাজকে স্বনির্ভর করার ক্ষেত্রে বেসরকারি প্রতিষ্ঠান কী ভূমিকা পালন করতে পারে ? বিশ্লেষণ কর। ৪

৪। মিসেস শারমিন ৫ বছর পর ৫০,০০০ টাকা পাওয়ার আশায় বর্তমানে কিছু টাকা জমিয়ে ব্যাংকে রাখতে চান। এজন্য 'ক' ব্যাংক তাকে বার্ষিক ১০% হারে সুদ প্রদানের প্রস্তাব দিয়েছে এবং 'খ' ব্যাংক তাকে ৯.৫% হারে মাসিক চক্র বৃদ্ধির প্রস্তাব দিয়েছে।

ক) অর্থের সময় মূল্যের ধারণাটি কী ? ১

খ) চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা কর। ২

গ) মিসেস শারমিন ৫ বছর পর ৫০,০০০ টাকা পেতে চাইলে 'খ' ব্যাংকে তাকে কত টাকা জমা রাখতে হবে তা নির্ণয় কর। ৩

ঘ) মিসেস শারমিনের কোন ব্যাংকে টাকা রাখা লাভজনক হবে ? মতামত দাও। ৪

৫। জনাব সাগর একজন বিনিয়োগকারী। তিনি মূলধনের ৪০% সাধারণ শেয়ার এবং ৬০% বন্ড থেকে অর্থায়ন করেন। তার নিকট বিনিয়োগের জন্য 'A' ও 'B দুইটি প্রকল্প রয়েছে। আশা করা হচ্ছে প্রকল্প 'A' থেকে আগামি ৫ বছরে আয় হবে যথাক্রমে ১০%, ১২%, -৮%, ৭% ও ৯% এবং প্রকল্প 'B এর আদর্শ বিচ্যুতি ১২%।

ক) ঝুঁকি কী ? ১

খ) ট্রেজারি বিল থেকে প্রাপ্ত অর্থ কোন আয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যাকর। ২

গ) জনাব সাগরের অর্থায়নের ক্ষেত্রে কোন ধরনের ঝুঁকি বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩

ঘ) জনাব সাগরের কোন প্রকল্পে বিনিয়োগ করা উচিত? আদর্শ বিচ্যুতি নির্ণয়ের মাধ্যমে মতামত দাও। ৪

৬। জনাব সুজন তার পৈত্রিক বাড়ি সংস্কার ও সম্প্রসারণের কাজ শুরু করেন। অর্থের সংকুলান না হওয়ায় তিনি তার সরকারি চাকরিজীবী বন্ধু রায়হানের নিকট থেকে প্রয়োজনীয় অর্থ সংগ্রহ করেন। সম্প্রতি তিনি বাচ্চাদের তৈরি পোশাক বিক্রি শুরু করেন। ক্রেতাদের চাহিদার কারণে তিনি পুতুল, খেলনা এবং অন্যান্য সামগ্রী রাখেন। ফলে দোকানে বিক্রির পরিমাণ বৃদ্ধি পায়। বিক্রয়কৃত অর্থ দ্বারা তিনি দোকান ভাড়া, কর্মচারীদের বেতন, বিদ্যুৎ বিল ইত্যাদি ব্যয়গুলো নিয়মিত পরিশোধ করে যাচ্ছেন।

ক) ব্যয় সিদ্ধান্ত কী ? ১

খ) অংশীদারি সংগঠনের তুলনায় কোম্পানি সংগঠনের অর্থায়ন প্রক্রিয়া জটিল কেন ? ব্যাখ্যা কর। ২

গ) জনাব সুজনের বাড়ি সংস্কার ও সম্প্রসারণে অর্থায়নের ধরন বর্ণনা কর। ৩

ঘ) বাড়ি সংস্কার ও সম্প্রসারণে জনাব সুজনের কার্যক্রমের যৌক্তিকতা মূল্যায়ন কর। ৪

'খ'-বিভাগ

৭।

ক ব্যাংক	খ ব্যাংক
১। আমানত গ্রহণ	১। অর্থের যোগান নিয়ন্ত্রণকারী
২। ঋণ প্রদান	২। ঋণের সর্বশেষ আশ্রয়স্থল
৩। ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ড	৩। পরামর্শ প্রদানকারী

ক) কোন প্রথাটি বিনিময় প্রথা হিসেবে পরিচিত ? ১
খ) মুদ্রাকে ব্যাংক ব্যবস্থার জননী বলা হয় কেন ? ব্যাখ্যা কর। ২
গ) কোন ব্যাংকটি জনগণের জন্য বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করে এবং কীভাবে উদ্দীপকের আলোকে বর্ণনা কর। ৩
ঘ) মুদ্রাবাজার ও দেশের সঠিক অর্থনৈতিক উন্নয়নে উদ্দীপকের কোন ব্যাংকটি বেশি গুরুত্বপূর্ণ ? বিশ্লেষণ কর। ৪

৮। মিসেস রুমি ও আরিফা আক্তার দুজন স্কুল শিক্ষিকা। মিসেস রুমি তার বেতনের টাকা থেকে সংসারের জন্য ৫,০০০ টাকার চাল-ডাল, ৪,০০০ টাকার জামা-কাপড়, এবং অবশিষ্ট টাকা দিয়ে বিভিন্ন প্রসাধনী কিনলো। অপর দিকে মিসেস আরিফা আক্তার তার বেতনের টাকা দিয়ে সংসারের প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয় করার পরও অবশিষ্ট ৩,০০০ টাকা ব্যাংকে ভবিষ্যতের জন্য রেখে দেন।
ক) LCকী ? ১
খ) ব্যাংক এবং ব্যাংকার শব্দটি কিভাবে ওতপ্রোতভাবে জড়িত ? ব্যাখ্যা কর। ২
গ) মিসেস রুমির কেনাকাটায় মুদ্রা কী হিসেবে ব্যবহৃত হয়েছে ? বর্ণনা কর। ৩
ঘ) মিসেস রুমি ও আরিফা আক্তারের বেতনের অবশিষ্ট টাকা ব্যবহারের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৯। তামিম এন্টারপ্রাইজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫০,০০,০০০ টাকার একটি মেশিন চীনের চুংওয়া কোম্পানি থেকে ক্রয় করতে ইচ্ছুক। মেশিনটি কেনার জন্য সুমন ট্রেডার্স থেকে প্রাপ্ত ১১,০০,০০০ টাকার অঙ্গীকার পত্রটি স্টার ব্যাংককে হস্তান্তর করে ১০,০০,০০০ টাকা সংগ্রহ করেন এবং ঐ ব্যাংক থেকেই ২০,০০,০০০ টাকা ঋণ নেন এবং বাকী অর্থ নিজ প্রতিষ্ঠান থেকে ব্যবস্থা করেন। স্টার ব্যাংক প্রয়োজনীয় ডলার সংগ্রহ ও আনুষঙ্গিক দলিল প্রস্তুত করে মেশিনটি ক্রয়ে সহায়তা করার ফলে কাঙ্খিত উৎপাদন বৃদ্ধি পেয়েছে।
ক) লকার ভাড়া কী ? ১
খ) বাণিজ্যিক ব্যাংক জনগণের মাঝে কিসের প্রবণতা সৃষ্টি করে ? ব্যাখ্যা কর। ২
গ) স্টার ব্যাংকটি কোন ধরনের ব্যাংক ? ব্যাখ্যা কর। ৩
ঘ) তামিম এন্টারপ্রাইজের উৎপাদন বৃদ্ধিতে স্টার ব্যাংকের কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

১০। জনাব কামাল তার মেয়ের বিয়েতে বেশ কিছু গহনা উপহার হিসেবে পেয়েছেন। বর্তমান সামাজিক অবস্থার কথা চিন্তা করে তিনি গহনা ও বাসার মূল্যবান দলিল পত্রের বিষয়ে একটি আর্থিক প্রতিষ্ঠানের সাথে পরামর্শ করে প্রয়োজনীয় ব্যবস্থা নেন। তিনি জমি ক্রয়ের জন্য নগদ অর্থ নিয়ে উপশহর যাওয়ার পথে ছিনতাইয়ের শিকার হন।
ক) কোনটি বাণিজ্যিক ব্যাংকের মৌলিক উদ্দেশ্য ? ১
খ) ব্যাংক কীভাবে অর্থের নিরাপত্তা দিয়ে থাকে? ব্যাখ্যা কর। ২
গ) জনাব কামাল তার মূল্যবান গহনা ও দলিলপত্রের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করেছেন ? বর্ণনা কর। ৩
ঘ) জনাব কামালের মত ব্যক্তিদের দুর্ঘটনা এড়াতে আর্থিক প্রতিষ্ঠান কী ভূমিকা রাখতে পারে ? মতামত দাও। ৪

১১। ব্যাংক কর্মকর্তা জনাব আসাদ দেখলেন এ বছর তার ব্যাংক থেকে ১৫ কোটি টাকা বিভিন্ন খাতে ঋণ প্রদান করা হয়েছে এবং মুনাফা অর্জিত হয়েছে ১০ কোটি টাকা। সম্প্রতি তিনি একটি সেমিনারের আয়োজন করলে সেখানে তিনি যেসব প্রশ্নের সম্মুখীন হন :
১) স্বল্প সুদে কৃষি ঋণ দেওয়া হবে কিনা ?
২) আবাসন খাতে ঋণ বরাদ্দ বাড়বে কিনা ?
৩) দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষার উন্নয়নে সাহায্য পাওয়া যাবে কিনা ?
উত্তরে জনাব আসাদ বলেন, মুনাফা অর্জন করলেও আপনাদের পাশে দাড়ানো ও আমাদের কাজ।
ক) বাণিজ্যিক ব্যাংকের পরোক্ষ উদ্দেশ্য কী ? ১
খ) সংরক্ষিত তহবিল বলতে কী বুঝায় ? ব্যাখ্যা কর। ২
গ) জনাব আসাদ কোন ধরনের ব্যাংক কর্মকর্তা তার ব্যাংকিং কার্যাবলী বিবেচনায় বর্ণনা কর। ৩
ঘ) মুনাফা অর্জন করলেও আপনাদের পাশে দাড়ানোও আমাদের কাজ- উক্তিটি মূল্যায়ন কর। ৪